দামুড়হুদার কালিয়াবকরি দুর্ধর্ষ ডাকাতি, নগদ টাকা- স্বর্ণালঙ্কার লুট

দামুড়হুদা উপজেলার কালিয়াবকরী গ্রামে এক বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। মুখোশধারী সশস্ত্র ডাকাতরা পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার মিলিয়ে প্রায় আড়াই লক্ষ টাকার লুট করে নিয়ে গেছে।স্থানীয় ও ভুক্তভোগী পরিবারের সূত্রে জানা গেছে, রোববার (২০সেপ্টেম্বর) রাত আনুমানিক ২টার দিকে উপজেলার কালিয়াবকরী গ্রামের মাঝের পাড়ার গোলাম মন্ডলের বাড়িতে এ ঘটনা ঘটে।

একদল মুখোশধারী সশস্ত্র ব্যক্তি বাড়ির ছাদ দিয়ে এবং দরজা ভেঙে ঘরের ভেতরে প্রবেশ করে। পরে তারা দেশীয় অস্ত্র ও আগ্নেয়াস্ত্র দেখিয়ে পরিবারের সদস্যদের জিম্মি করে ফেলে। এ সময় চিৎকার করলে প্রাণে মেরে ফেলার হুমকি দেওয়া হয় বলে পরিবারের সদস্যরা জানান।একপর্যায়ে ডাকাতরা আলমারির চাবি নিয়ে নেয়। পরে আলমারি ও ঘরের বিভিন্ন আসবাবপত্র তছনছ করে নগদ টাকা ও বিপুল পরিমাণ স্বর্ণালঙ্কার লুট করে। এরপর পরিবারের সদস্যদের জিম্মি অবস্থায় রেখেই ডাকাতরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

ঘটনার খবর পেয়ে রোববার সকালে দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে। পুলিশ ঘটনাস্থল থেকে বিভিন্ন আলামত সংগ্রহের পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত ও লুণ্ঠিত মালামাল উদ্ধারে অভিযান শুরু করেছে বলে জানা গেছে।এদিকে, জনবহুল এলাকায় মধ্যরাতে এমন ডাকাতির ঘটনায় স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। দ্রুত ডাকাতদের শনাক্ত করে গ্রেপ্তার এবং লুট হওয়া মালামাল উদ্ধারের দাবি জানিয়েছেন এলাকাবাসী। একই সঙ্গে রাতে এলাকায় পুলিশি টহল আরও জোরদারের দাবি জানান তারা।

[redacted]

[redacted]

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি শেখ মেজবাহ উদ্দিন বলেন, শিম কাটার একটি অভিযোগ পেয়েছি তদন্ত-পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।